# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৮. ৪. ইফ্রমীয় পাণ্ডুলিপি (Codex Ephraemi Rescriptus)

যে চারটা 'প্রাচীনতম' পাণ্ডুলিপির উপরে বর্তমানে প্রচলিত 'বাইবেলের' ভিত্তি তার চতুর্থটা ইফ্রমীয় পাণ্ডুলিপি। পাণ্ডুলিপিটার সময়কাল নিয়ে খ্রিষ্টান গবেষকদের মধ্যে অনেক মতভেদ বিদ্যমান। সাধারণভাবে অনেকেই এটাকে ৫ম খ্রিষ্টীয় শতাব্দীতে লিখিত বলে মনে করেন। যদিও মনে করা হয় যে, মূলত এটা বাইবেলের পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি ছিল, তবে বিদ্যমান পাণ্ডুলিপিটা পূর্ণাঙ্গ নয়। পুরাতন ও নতুন নিয়মের কিছু অংশ এতে বিদ্যমান। বিদ্যমান পুস্তকগুলোর সাথে অন্যান্য পাণ্ডুলিপি ও প্রচলিত বাইবেলের কিছু পার্থক্য বিদ্যমান।[1]

### ফুটনোট

[1] উইকিপিডিয়া: Codex Ephraemi Rescriptus

Source — https://www.hadithbd.com/books/link/?id=13882

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন